গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

# উন্নয়ন প্রকল্প প্রস্তাবনা

## সামুদ্রিক মৎস্য গবেষণা জোরদারকরণ ও অবকাঠামো উন্নয়ন

(জুলাই ২০১৭ হতে জুন ২০২১)

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
ময়মনসিংহ

প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে পরিচালনার জন্য ষ্টিয়ারিং কমিটি বছরে কমপক্ষে তিনবার বা যখন প্রয়োজন তখন সভায় মিলিত হবে। কমিটি প্রকল্পের স্বার্থে প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে। কমিটির প্রতিজন সদস্য প্রতিটি সভার জন্য ২,০০০/- টাকা করে সম্মানী ভাতা প্রাপ্য হবেন। প্রকল্পের স্টিয়ারিং কমিটির কার্যপরিধি নিম্নরূপঃ

- প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন ও প্রকল্প পরিচালনার জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা।
- প্রকল্পের বার্ষিক কর্মপরিকল্পনা ও বাজেট অনুমোদন করা।
- প্রকল্পের প্রয়োজনে পলিসি গাইডেন্স ও সুপারিশ প্রদানসহ প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।

প্রকল্পের আওতায় বিভিন্ন গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনবোধে ইনস্টিটিউটের বাহিরে বিশ্ববিদ্যালয় ওসরকারী প্রতিষ্ঠানকে গবেষণা বরাদ্দ প্রদান করা হবে। ইনস্টিটিউটের প্রচলিত নিয়মে গবেষণা প্রকল্প বাছাই ও গ্রহণ করা হবে।

### ৩২.৩ প্রকল্প বাস্তবায়ন কমিটি (Project Implementation Committee) গঠন ও কার্যপরিধি

প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য ইনস্টিটিউটের মহাপরিচালক এর নেতৃত্বে একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি (Project Implementation Committee)থাকবে। প্রকল্পের বাস্তবায়ন কমিটির গঠন নিম্নরূপ হবেঃ

| | |
|---|---|
| • মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট | সভাপতি |
| • পরিচালক, গবেষণা ও পরিকল্পনা, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট | সদস্য |
| • মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| • কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশনের প্রতিনিধি | সদস্য |
| • মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখার প্রতিনিধি | সদস্য |
| • অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| • আইএমইডির প্রতিনিধি | সদস্য |
| • বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের সংশ্লিষ্ট শাখার প্রতিনিধি | সদস |
| • গণপূর্ত বিভাগের প্রতিনিধি | সদস্য |
| • প্রকল্প পরিচালক | সদস্য সচিব |

প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে পরিচালনার জন্য কমিটি বছরে কমপক্ষে দুইবার বা যখন প্রয়োজন তখন সভায় মিলিত হবে। কমিটি প্রকল্পের স্বার্থে প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে। কমিটির প্রতিজন সদস্য প্রতিটি সভার জন্য ২,০০০/- টাকা করে সম্মানী ভাতা প্রাপ্য হবেন। প্রকল্পের বাস্তবায়ন কমিটির কার্যপরিধি নিম্নরূপঃ

- প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন ও প্রকল্প পরিচালনার জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা।
- প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা।



মোহাম্মদ নাজমুল হক
সহকারী প্রধান
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার